

জুলাই/২০২৩ ইং মাসের ১৮ নং মাঝিগাতি ইউনিয়ন পরিষদের আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	: জনাব কে.এম.হাফিজুর রহমান
সভার স্থান	: ইউনিয়ন পরিষদ কার্যালয়
সভার তারিখ	: ৩০-০৭-২০২৩
সভায় উপস্থিত সদস্য বৃন্দ	: পরিশিষ্ট-ক

সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্য আরম্ভ করেন। সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করিয়া শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

গোপালগঞ্জ সদর উপজেলার ১৮ নং মাঝিগাতি ইউনিয়নের জুলাই/২০২৩ ইং মাসের তুলনামূলক অপরাধ চিত্র :-

মাসের নাম	ডাকাতি	সিঙ্গেল চুরি	অগ্নি সংযোগ	ধর্ষণ	গবাদি পশু চুরি	খুন	এসিড নিক্ষেপ	নারী ও শিশু নির্যাতন	চোরা চালান	মাদক	মোট
জুলাই/২৩	০	০	০	০	০	০	০	০	০	০	০
মন্তব্য											

আলোচনাঃ

দায়িত্বপ্রাপ্ত অফিসার গোপালগঞ্জ সদর থানা জানান যে, জুলাই/২০২৩ ইং মাসে অপরাধ প্রবনতার সংখ্যা স্থিতিশীল। অপরাধ প্রবনতা যাতে বৃদ্ধি না পায় সে জন্য ইউনিয়নের বিভিন্ন স্পটে পুলিশি অভিযান অব্যহত আছে। মাদক ব্যবসায়ী ও মাদক সেবীদের প্রতিরোধের লক্ষ্যে সর্বাত্মক প্রচেষ্টা অব্যহত সহ তাদের বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে।

ক্রমিক নং	গৃহিত সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	ইউনিয়নে কোন অপরাধ/ঘটনা সংঘটিত হলে তাৎক্ষণিক ভাবে উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদরকে জানাতে হবে।	ইউনিয়ন পরিষদবর্গ
০২	কোভিড-১৯ সংক্রমন প্রতিরোধে ঘরের বাইরে গেলে মাস্ক পরিধান করতে হবে এ বিষয়ে জনসচেতনতা বাড়াতে হবে।	ইউপি সদস্য সকল
০৩	মসজিদে খুৎবা পাঠের সময়/সামাজিক আলোচনায় বাল্য বিবাহ,ইভটিজিং,সন্ত্রাস ও জঙ্গিবাদ বিরোধী এবং জনসংখ্যা নিয়ন্ত্রন বিষয়ে আলোচনা করতে হবে।	

অত্র ইউনিয়নের চেয়ারম্যান জনাব কে.এম.হাফিজুর রহমান সভায় বলেন যে, আমাদের ইউনিয়নে আইন-শৃঙ্খলা পরিস্থিতি বর্তমানে স্বাভাবিক। পরিস্থিতি স্বাভাবিক রাখতে গ্রাম পুলিশদের নিয়মিত টহল রাখতে হবে। তাদেরকে আরো তৎপর হওয়ার জন্য বলা হইল।

সিদ্ধান্তঃ

০১. ইউনিয়নের কোন অপরাধ/ঘটনা সংঘটিত হলে তাৎক্ষণিক ভাবে উপজেলা নির্বাহী অফিসার সদরকে জানাতে হবে।

অতপর, সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

স্মারক নং- মাঝি/ইউপি-২৫/২০২৩

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হইলঃ

০১. উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর।